# পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২

( ১৯৯২ সনের ১২ নং আইন )

**পানি সম্পদ উন্নয়ন ও উহার সুষম ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে প্রণীত আইন।**

যেহেতু পানি সম্পদ উন্নয়ন ও উহার সুষম ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ নামে অভিহিত হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “কার্য নির্বাহী পরিষদ” অর্থ ধারা ৯ এর অধীন গঠিত কার্য নির্বাহী পরিষদ;

(খ) “পরিচালক” অর্থ সংস্থার পরিচালক;

(গ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঘ) “বোর্ড” অর্থ ধারা ৬ এর অধীন গঠিত পরিচালনা বোর্ড;

(ঙ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(চ) “মহা-পরিচালক” অর্থ সংস্থার মহা-পরিচালক;

(ছ) “সংস্থা” অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।

**সংস্থা প্রতিষ্ঠা**

৩। (১) এই আইন বলবত্ হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করিবে।

(২) সংস্থা একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

**সংস্থার প্রধান কার্যালয়**

৪। সংস্থার প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা প্রয়োজনবোধে, যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**সাধারণ পরিচালনা**

৫। সংস্থার সাধারণ পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং সংস্থার যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিবে।

**পরিচালনা বোর্ডের গঠন**

৬। নিম্ন বর্ণিত সদস্য সমন্বয়ে পরিচালনা বোর্ড গঠিত হইবে, যথা:-

(ক) সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য, যিনি উহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;

(গ) সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয় বা বিভাগের সচিব;

(ঘ) কৃষি মন্ত্রণালয় বা বিভাগের সচিব;

(ঙ) স্থানীয় সরকার মন্ত্রণালয় বা বিভাগের সচিব;

(চ) সড়ক ও সড়ক পরিবহন মন্ত্রণালয় বা বিভাগের সচিব;

(ছ) পরিকল্পনা মন্ত্রণালয় বা বিভাগের সচিব;

(জ) বন ও পরিবেশ মন্ত্রণালয় বা বিভাগের সচিব;

(ঝ) নৌ-পরিবহন মন্ত্রণালয় বা বিভাগের সচিব;

(ঞ) মহা-পরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

**সংস্থার কার্যাবলী**

৭। সংস্থার কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) পানি সম্পদ উন্নয়নকল্পে পরিবেশগতভাবে ভারসাম্যপূর্ণ পানি সম্পদ মহা-পরিকল্পনা প্রণয়ন করা;

(খ) পানি সম্পদের বিজ্ঞানভিত্তিক ব্যবহার ও সংরক্ষণ সম্পর্কিত জাতীয় কৌশল ও নীতি নির্ধারণ করা;

(গ) পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে পরামর্শ প্রদান করা;

(ঘ) পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত যে কোন প্রতিষ্ঠানের সমীক্ষা পরিচালনায় সহযোগিতা প্রদান, এবং প্রয়োজনে, তত্সংক্রান্ত যে কোন বিষয়ে বিশেষ সমীক্ষা পরিচালনা করা;

(ঙ) পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষণে নিয়োজিত কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত ব্যবস্থা হইতে উদ্‌ভূত বিষয়ের মূল্যায়ন ও পর্যালোচনা করা এবং উক্ত বিষয়ে পরামর্শ প্রদান করা;

(চ) পানি সম্পদ ব্যবহার সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও পেশাগত মান উন্নীত করা;

(ছ) পানি সম্পদ ব্যবহার সম্পর্কিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করা এবং উহাদের প্রচারের ব্যবস্থা করা;

(জ) পানি সম্পদ বিষয়ক জাতীয়, এবং সরকারের পূর্বানুমোদনক্রমে, আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা;

(ঝ) সরকার কর্তৃক প্রদত্ত পানি সম্পদ বিষয়ক অন্যান্য দায়িত্ব পালন করা।

**মহা-পরিচালক ও পরিচালক**

৮। (১) সংস্থার একজন মহা-পরিচালক ও অনুন্য দুইজন পরিচালক থাকিবে।

(২) মহা-পরিচালক ও পরিচালকগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) মহা-পরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত মহা-পরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা মহা-পরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি মহা-পরিচালকরূপে কার্য করিবেন।

(৪) মহা-পরিচালক সংস্থার প্রধান নির্বাহী হইবেন এবং তিনি সংস্থার প্রশাসন পরিচালনা করিবেন।

**কার্য নির্বাহী পরিষদ**

৯। (১) সংস্থার একটি কার্য নির্বাহী পরিষদ থাকিবে, যাহা একজন চেয়ারম্যান ও অনুন্য দুইজন সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

(২) মহা-পরিচালক কার্য নির্বাহী পরিষদের চেয়ারম্যান এবং পরিচালক উহার সদস্য হইবেন।

(৩) কার্য নির্বাহী পরিষদ বোর্ডকে উহার কার্যাবলী সূচারুরূপে সম্পাদনের পরামর্শ ও সহায়তা প্রদান করিবে, বোর্ডের যাবতীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবে এবং বোর্ড কর্তৃক অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে।

**সভা**

১০। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার নিজের এবং কার্য নির্বাহী পরিষদের সভার কার্য পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।